

💵 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭৫৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৮. প্রথম অনুচ্ছেদ - সাত্র (সতর)

بَابُ السَّتْرِ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم: «لَا يصلين أحدكُم فِي الثَّوْبِ الْوَاحِد لَيْسَ على عَاتِقيهِ مِنْهُ شَيْء»

বাংলা

৭৫৫-[২] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ সালাতে কাপড়ের কোন অংশ কাঁধের উপর না রেখে তোমাদের কেউ যেন এক কাপড়ে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় না করে। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৩৫৯, মুসলিম ৫১৬, নাসায়ী ৭৬৯, দারেমী ১৪১১, সুনানুল কুবরা লিল বায়হাকী ৩২০৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীস প্রমাণ করে যে, মুসল্লীর কাপড়ের একটি অংশ তার কাঁধের উপর না থাকলে এক কাপড়ে সালাত (সালাত/নামায/নামাজ) নিষিদ্ধ। একটি কাপড়ে সালাত আদায়কালে কাপড়ের একটি অংশ কাঁধের উপর না রাখা হারাম।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন